

## আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৫৩০

৮৩/ ফাযায়েল (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ৪৩/৮১. ইবরাহীম খালীল (আঃ) এর মর্যাদা।

من فضائل إبراهيم الخليل صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حدِيث أَبِي هُرَيْرَةَ رضي الله عنه، أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: نَحْنُ أَحَقُّ  
بِالشَّكِّ مِنْ إِبْرَاهِيمَ، إِذْ قَالَ رَبِّ أَرْنِي كَيْفَ تُخْبِي الْمَوْتَىٰ قَالَ أَوْلَمْ تُؤْمِنْ قَالَ بَلَىٰ وَلَكِنْ  
لِيَطْمَئِنَّ قَلْبِي وَيَرْحَمَ اللَّهُ لُوطًا، لَقَدْ كَانَ يَأْوِي إِلَى رُكْنٍ شَدِيدٍ وَلَوْلَبِثْتُ فِي السِّجْنِ  
طُولَ مَا لَبِثَ يُوسُفُ لَأَجْبَتُ الدَّاعِيَ

বাংলা

১৫৩০. আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ইবরাহীম (আঃ) তাঁর  
অন্তরের প্রশান্তির জন্য মৃতকে কিভাবে জীবিত করা হবে, এ সম্পর্কে আল্লাহর নিকট জিজ্ঞেস করেছিলেন, একে  
যদি “শক” বলে অভিহিত করা হয় তবে এরূপ “শক” এর ব্যাপারে আমরা ইবরাহীম (আঃ) এর চেয়ে অধিক  
উপযোগী। যখন ইবরাহীম (আঃ) বলেছিলেন, হে আমার প্রতিপালক! আমাকে দেখিয়ে দিন, আপনি কিভাবে  
মৃতকে জীবিত করেন। আল্লাহ বললেন, তুমি কি বিশ্বাস কর না? তিনি বললেন, হ্যাঁ, তা সত্ত্বেও যাতে আমার  
অন্তর প্রশান্তি লাভ করে (আল-বাকারাহঃ ২৬০)। অতঃপর (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লৃত (আঃ) এর  
ঘটনা উল্লেখ করে বললেন,) আল্লাহ লৃত (আঃ) এর প্রতি রহম করুন। তিনি একটি সুদৃঢ় খুঁটির আশ্রয়  
চেয়েছিলেন আর আমি যদি কারাগারে এত দীর্ঘ সময় থাকতাম যত দীর্ঘ সময় ইউসুফ (আঃ) কারাগারে ছিলেন  
তবে তার (বাদশাহর) ডাকে সাড়া দিতাম।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৬০ : নাবীগনের (আঃ) হাদীসসমূহ, অধ্যায় ১১, হাঃ ৩৩৭২; মুসলিম, পর্ব ৪৩ : ফাযায়েল,  
অধ্যায় ৪১, হাঃ ১৫১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84758>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন